

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।

www.dgfood.gov.bd
http://food.chapainabaganj.gov.bd

-ঃ বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা চাঁপাইনবাবগঞ্জ জেলার বৈধ লাইসেন্সধারী চালকল মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার চলতি আমন সংগ্রহ/২০২১-২২খ্রিঃ মৌসুমে সিদ্ধ চাল ক্রয়ের চুক্তির মডেল অনুসরণপূর্বক আমন সিদ্ধ চাল প্রতি কেজি ৪০/- (চল্লিশ) টাকা দরে ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। যে সকল মিলার গত বোরো সংগ্রহ/২০২১ খ্রিঃ মৌসুমে চুক্তিযোগ্য চুক্তি করেননি কিংবা চুক্তিকৃত কোন চাল সরবরাহ করেননি সে সকল মিলারগণকে খাদ্য মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, ঢাকা'র ২৪/১০/২০২১ খ্রিঃ তারিখের ১৯৫ নং স্মারকের ক্রমিক নং ১ ও ২ নং মোতাবেক জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিল করনের নির্দেশনা প্রদান করা হয়েছে। সংগ্রহ নীতিমালা অনুযায়ী চলতি আমন সংগ্রহ ২০২১-২২ মৌসুমে চুক্তিযোগ্য আগ্রহী সকল বৈধ মিল মালিককে চুক্তি সম্পাদন করতে আবশ্যিকভাবে আগামী ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদানপূর্বক চুক্তি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনভাবেই চুক্তি সম্পাদন করা হবে না।

১. মিলের প্যাডে আবেদন পত্র।
২. মিলের প্যাডে আমন ধান/২০২১ ছাঁটাই এর অঙ্গীকারনামা।
৩. মিল মালিকের সদ্য তোলা ছবি ০২(দুই) কপি।
৪. ২০২১ অর্থ-বছরের নবায়নকৃত মিলিং লাইসেন্স ও ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি।
৫. মিলের অনুকূলে নভেম্বর/অক্টোবর হালনাগাদ- ২০২১ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের ফটোকপি।
৬. মিলারের সংশ্লিষ্ট মিলের অনুকূলে অনলাইন সিস্টেমে তথ্য প্রদান করার নিমিত্তে (গুদামের চিমনি, সর্টার, স্টিপিং হাউজ, চাতাল ও গুদাম স্টোরেজ দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা) প্রয়োজনীয় কাগজপত্রসমূহ। আগামী ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো।
৭. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৮. WQSC ইস্যুকরণের নিমিত্তে সংশ্লিষ্ট ব্যাংকের নাম, শাখার নাম ও একাউন্ট নম্বর প্রদান।
৯. WQSC মেসেজ প্রেরণের নিমিত্ত সচল মোবাইল নম্বর।
১০. ১০০/- (একশত) টাকা মূল্যের ৩টি ননজুডিশিয়াল স্ট্যাম্প ৩০০/- (তিনশত) টাকার।
১১. ৩০ কেজির বস্তার প্রতি ৭০/- (সত্তর) টাকা/৫০ কেজির বস্তার প্রতি ১২০/- (একশত বিশ) টাকা হারে চুক্তিকৃত বস্তার মূল্য ও বিভাজিত পরিমাণ চালের মূল্যের ২% হারে পে-অর্ডার (চুক্তিকালীন সময়ে) জমা প্রদান করতে হবে।
১২. উল্লিখিত কাগজপত্র সমূহ আগামী ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে জরুরী ভিত্তিতে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো।

বিশেষ দৃষ্টব্য ঃ- প্রয়োজনীয় সংখ্যক বস্তার মূল্য ও বরাদ্দপ্রাপ্ত চালের ২% জামানতের টাকার পরিমাণ সংশ্লিষ্ট উপজেলা দপ্তর/অথবা অত্র দপ্তরের মজুদ শাখা হতে জানা যাবে। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন তথ্যাবলী সংশোধন/সংযোজন/বিয়োজন করার ক্ষমতা সংরক্ষণ করে।

(মাহমুদুল হাছান)

জেলা খাদ্য নিয়ন্ত্রক
চাঁপাইনবাবগঞ্জ।

প্রাপক ঃ- ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ সদর/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট/শিবগঞ্জ। আপনার উপজেলার যে সকল সচল মিল চলতি আমন সংগ্রহ/২০২১-২২ মৌসুমে বরাদ্দ প্রাপ্তির জন্য নির্বাচিত হয়েছে তাদেরকে উপরে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ নির্ধারিত তারিখের মধ্যে চুক্তি সম্পাদনের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

২। মেসার্স

প্রোগ্রামার জনাব

স্মারক নং- ১৩.০১.৭০০০.০০৪.০১.০০৩.২০.৪২৫০(২৫)

অনুলিপি ঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে ঃ-

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট/শিবগঞ্জ চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর/আমনুরা/নাচোল/রহনপুর/ভোলাহাট/শিবগঞ্জ খাদ্য গুদাম। যে সকল সচল মিল চলতি আমন সংগ্রহ/২০২১-২২ মৌসুমে বরাদ্দ প্রাপ্তির জন্য নির্বাচিত হয়েছে তাদেরকে উপরে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ নির্ধারিত তারিখের মধ্যে চুক্তি সম্পাদনের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
- ৬। সভাপতি, জেলা চাল কল মালিক সমিতি, চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। অফিস কপি।

জেলা খাদ্য নিয়ন্ত্রক
চাঁপাইনবাবগঞ্জ।